# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ নবী চরিত

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

কুরআনের মু‘জেযা হওয়ার প্রমাণ সমূহ- ৪. কুরআনের হেফাযতকারী আল্লাহ (الله حافظ للقرآن)

কুরআন একমাত্র ইলাহী গ্রন্থ যার হেফাযতের দায়িত্ব স্বয়ং আল্লাহ নিয়েছেন। তিনি বলেন, إِنَّا نَحْنُ نَزَّلْنَا الذِّكْرَ وَإِنَّا لَهُ لَحَافِظُوْنَ ‘আমরা কুরআন নাযিল করেছি এবং আমরাই এর হেফাযতকারী (হিজর ১৫/৯)। তিনি বলেন, إِنَّ عَلَيْنَا جَمْعَهُ وَقُرْآنَهُ، فَإِذَا قَرَأْنَاهُ فَاتَّبِعْ قُرْآنَهُ، ثُمَّ إِنَّ عَلَيْنَا بَيَانَهُ ‘এর সংরক্ষণ ও পঠন-পাঠন আমাদেরই দায়িত্বে’। ‘সুতরাং যখন আমরা তা (জিব্রীলের মাধ্যমে) পাঠ করাই, তখন তুমি সেই পাঠের অনুসরণ কর’। ‘অতঃপর এর ব্যাখ্যা করা (হাদীছ) আমাদেরই দায়িত্বে’ (ক্বিয়ামাহ ৭৫/১৭-১৯)। অতএব আল্লাহ কেবল কুরআন ও হাদীছের হেফাযতের দায়িত্ব নিয়েছেন। তাই তা ক্বিয়ামত অবধি টিকে থাকবে। কিন্তু অন্যান্য এলাহী গ্রন্থের দায়িত্ব আল্লাহ নেননি। তাই সেসব হারিয়ে গেছে এবং যেতে বাধ্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5776

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন